SME NEWS

এসএমই নিউজ

এসএমই ফাউন্ডেশনের ত্রৈমাসিক নিউজলেটার

এস এম ই ফাউন্ডেশন

বর্ষ ০৮ | সংখ্যা ২৫ | এপ্রিল ২০১৯




৭ম জাতীয় এসএমই পণ্য মেলা ২০১৯-এর উদ্বোধন করেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন, এমপি

# ৭ম জাতীয় এস এম ই পণ্য মেলা ২০১৯ আয়োজন

ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তারা উৎপাদিত পণ্যের প্রচার, প্রসার, বিক্রয় এবং বাজার সম্প্রসারণে এসএমই ফাউন্ডেশন ১৬-২৩ মার্চ ২০১৯ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ৮ দিনব্যাপী '৭ম জাতীয় এসএমই পণ্য মেলা ২০১৯' আয়োজন করে। ১৬ মার্চ ২০১৯ ঢাকাস্থ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের 'হল অব ফেম' এ অনুষ্ঠিত মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন, এমপি। বিশেষ অতিথি ছিলেন কামাল আহমেদ মজুমদার এমপি, প্রতিমন্ত্রী, শিল্প মন্ত্রণালয় এবং মোঃ আবদুল হালিম, সচিব, শিল্প মন্ত্রণালয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কে এম হাবিব উল্লাহ, চেয়ারপার্সন, এসএমই ফাউন্ডেশন। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক মোঃ সফিকুল ইসলাম। এ বছর দেশব্যাপী ৩০৮টি এসএমই প্রতিষ্ঠান ৩০৮টি স্টলে উৎপাদিত পণ্য সমন্বয়ে এ মেলায় অংশগ্রহণ করে। এছাড়া, মেলায় মিডিয়া সেন্টার, রক্তদান কেন্দ্র ও ক্রেতা-বিক্রেতা মিটিং বুথের ৭টি স্টল ছিল। মেলায় ৭০% নারী-উদ্যোক্তা অংশগ্রহণ করে। মেলায় দেশে উৎপাদিত পাটজাত পণ্য, খাদ্য ও কৃষি প্রক্রিয়াজাত পণ্য, হারবাল পণ্য, চামড়াজাত সামগ্রী, ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স সামগ্রী, লাইট ইঞ্জিনিয়ারিং পণ্য, প্লাস্টিক ও অন্যান্য সিনথেটিক পণ্য, হস্তশিল্প পণ্য, ডিজাইন ও ফ্যাশনওয়্যার পণ্যসহ অন্যান্য বিভিন্ন স্বদেশী পণ্য প্রদর্শন ও বিক্রয় করা হয়। মেলায় ৫ কোটি ৭ লক্ষ টাকার পণ্য বিক্রয় ও ৯ কোটি ৬ লক্ষ টাকার বিভিন্ন পণ্যের অর্ডার পাওয়া যায়।

মেলার পাশাপাশি ১৭ মার্চ 'Opportunities of E-Commerce for SMEs in Bangladesh' ও 'Non-Financial Challenges Faced by Women Entrepreneurs in SMEs' এবং ২১ মার্চ 'Intellectual Property Rights for Growth of SMEs' এবং 'Relationship Banking for Sustainable Finance: Experience of SME Foundation' সেমিনার আয়োজন করা হয়।



শিল্পমন্ত্রী, শিল্প প্রতিমন্ত্রী, এবং ফাউন্ডেশনের চেয়ারপার্সন মেলার স্টল পরিদর্শন করছেন

## 'এসএমই খাতে নারী-উদ্যোক্তাদের অ-আর্থিক প্রতিবন্ধকতা এবং উত্তরণ' সেমিনার



সেমিনারে উপস্থিত ফাউন্ডেশনের চেয়ারপার্সন কে এম হাবিব উল্লাহ ও অন্যান্য আলোচকবৃন্দ

জাতীয় এসএমই পণ্য মেলা ২০১৯-এর অংশ হিসেবে ১৭ মার্চ ২০১৯ ঢাকাস্থ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের মিডিয়া বাজার হলে 'এসএমই খাতে নারী-উদ্যোক্তাদের অ-আর্থিক প্রতিবন্ধকতা এবং উত্তরণের উপায়' সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে সভাপতিত্ব করেন এসএমই ফাউন্ডেশনের মাননীয় চেয়ারপার্সন কে এম হাবিব উল্লাহ। এতে প্রধান অতিথি ছিলেন রোকেয়া আফজাল রহমান, সভাপতি, বাংলাদেশ ফেডারেশন অফ উইমেন এন্টারপ্রেনিয়ার্স। সেমিনারে মোঃ আব্দুল হালিম, সচিব, শিল্প মন্ত্রণালয়; ড. নাজিয়া হাবিব, গবেষণা পরিচালক, ইন্ডাস্ট্রিয়াল সাসটেইনেবিলিটি, ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয়, ইংল্যান্ড ও ইসমাত জেরিন খান, পরিচালক, পরিচালনা পর্ষদ এসএমই ফাউন্ডেশন উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন ড. মমতাজ উদ্দিন আহমেদ, অধ্যাপক, অর্থনীতি বিভাগ ও পরিচালক, পরিচালনা পর্ষদ, এসএমই ফাউন্ডেশন। প্রবন্ধ উপস্থাপন করেন ড. নাজনীন আহমেদ, সিনিয়র রিসার্চ ফেলো, বিআইডিএস। কর্মশালায় নির্বাচিত আলোচক ছিলেন মোঃ আমিনুল ইসলাম খান, অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং নিলুফার আহমেদ করিম, সভাপতি, উইমেন এন্টারপ্রেনিয়ার্স অ্যাসোসিয়েশন। অনুষ্ঠানে ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক মোঃ সফিকুল ইসলাম, প্রাক্তন সিনিয়র সচিব আবু আলম শহীদ খান, পরিচালনা পর্ষদের সদস্য মির্জা নূরুল গণী শোভন, ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক এস এম শাহীন আনোয়ার, মহাব্যবস্থাপক ফারজানা খান, মোঃ নাজিম হাসান সাত্তার ও মোঃ সিরাজুল হায়দার এনডিসি, নারী উদ্যোক্তা উন্নয়ন উইং'র ব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান, এবং বিদেশী সংস্থার প্রতিনিধি, নারী-উদ্যোক্তা ও সাংবাদিকসহ প্রায় ২৫০জন অতিথি উপস্থিত ছিলেন। সেমিনারে বক্তাগণ নারী উদ্যোক্তাদের বিভিন্ন সমস্যা সমাধানে যথাযথ পদক্ষেপ গ্রহণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন।

## 'রিলেশনশিপ ব্যাংকিং এবং টেকসই অর্থায়ন: এসএমই ফাউন্ডেশনের অভিজ্ঞতা' সেমিনার



জাতীয় এসএমই পণ্য মেলায় রিলেশনশিপ ব্যাংকিং এবং টেকসই অর্থায়নের ওপর সেমিনার

বর্তমান ব্যাংকিং খাতে উদ্যোক্তাদের ঋণ দানের পাশাপাশি অ-আর্থিক সেবাপ্রদান ও রিলেশনশিপ ব্যাংকিং অতি গুরুত্বপূর্ণ। এসএমই ফাউন্ডেশন ২০০৯ সালে বাংলাদেশে প্রথমবারের মত সিঙ্গেল ডিজিট সুদে (সর্বোচ্চ ৯%) ঋণ বিতরণের উদ্যোগ নিয়ে 'ক্রেডিট হোলসেলিং' কর্মসূচি শুরু করে। সম্প্রতি এসএমই ফাউন্ডেশন ক্রেডিট হোলসেলিং কার্যক্রমের প্রভাব মূল্যায়ন সংক্রান্ত একটি প্রতিবেদন অনুযায়ী এ ঋণ উদ্যোক্তাদের ব্যবসায় উন্নয়নসূচক যেমন উৎপাদন, বিক্রয়, মুনাফা ও কর্মসংস্থান সৃষ্টি; সামাজিক সূচক যেমন জীবনযাত্রার মান, সামাজিক অবস্থান ও গ্রহণযোগ্যতা; নারী উন্নয়ন সূচক যেমন পরিবারে নারীর আর্থিক অবদান, সিদ্ধান্তগ্রহণে নারীর অংশগ্রহণসহ ইত্যাদি সূচকে ইতিবাচক প্রভাব রেখেছে। এ প্রেক্ষাপটে ফাউন্ডেশনের রিলেশনশিপ ব্যাংকিং -এর অভিজ্ঞতা দেশের সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে অবহিত করার মাধ্যমে এসএমই ব্যাংকিংকে সাসটেনেবল করার উদ্দেশ্যে 'Relationship Banking for Sustainable Finance: Experience of SME Foundation' সেমিনার ২১ মার্চ ২০১৯ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের মিডিয়াবাজার হলে আয়োজন করা হয়। সেমিনারে প্রধান অতিথি ছিলেন ড.এ. বি. মির্জ্জা মোঃ আজিজুল ইসলাম, সাবেক তত্ত্বাবধায়ক সরকারের অর্থ উপদেষ্টা। বিশেষ অতিথি ছিলেন মোঃ রাশেদুল করীম মুন্না, পরিচালক, এসএমই ফাউন্ডেশন। সেমিনারে সভাপতিত্ব করেন কে এম হাবিব উল্লাহ, চেয়ারপার্সন, এসএমই ফাউন্ডেশন। সেমিনারে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী ও এসএমই প্রধান, গবেষণা প্রতিষ্ঠান, দাতা সংস্থা, এসএমই সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশনের নেতৃবৃন্দ, উদ্যোক্তা, বাংলাদেশ ব্যাংক ও বিভিন্ন মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দসহ প্রায় ১৫০জন প্রতিনিধি অংশগ্রহণ করেন।

## International Trade Fair -এ অংশগ্রহণ



জার্মানির ফ্রাংকফুর্টে অংশগ্রহণকারী এসএমই উদ্যোক্তা

৮-১২ ফেব্রুয়ারি ২০১৯ জার্মানির Frankfurt G Messe Frankfurt সেন্টারে অনুষ্ঠিত ঐতিহ্যবাহী Frankfurt International Trade Fair (Ambiente) মেলায় এসএমই ফাউন্ডেশন অংশগ্রহণ করে। ফাউন্ডেশন প্রথমবার ইউরোপের কোনো মেলায় সফলতার সাথে অংশগ্রহণ করে। ফাউন্ডেশনের সহায়তাপুষ্ট এবং ফাউন্ডেশন হতে জাতীয় এমএমই উদ্যোক্তা পুরস্কারপ্রাপ্ত মাসুদা ইয়াসমিন উর্মি, স্বত্তাধিকারী, স্মার্ট লেদার প্রোডাক্টস-চামড়ার তৈরি বিভিন্ন পণ্য সমন্বয়ে মেলায় অংশগ্রহণ করেন।

## Role of Technologies in SME Industry আন্তর্জাতিক সেমিনার

ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) খাতের বিকাশ ও উন্নয়নে প্রযুক্তির ভূমিকা ও গুরুত্ব পর্যালোচনার জন্য ১২ মার্চ ২০১৯ এসএমই ফাউন্ডেশন কার্যালয়ে 'Role of Technologies in SME Industry' আন্তর্জাতিক সেমিনার অনুষ্ঠিত হয়। বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয় এবং যুক্তরাজ্যের কামব্রিজ বিশ্ববিদ্যালয়ের মধ্যে চলমান 'Bangabandhu-Cambridge Policy Innovation Program' সহযোগিতা কাঠামোর আওতায় এসএমই ফাউন্ডেশন আয়োজিত সেমিনারে বিভিন্ন মন্ত্রণালয়; সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়; অ্যাসোসিয়েশনসহ এসএমই সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের ৩৫জন প্রতিনিধি অংশগ্রহণ করেন। এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক মোঃ সফিকুল ইসলাম-এর সভাপতিত্বে এবং কেমব্রিজ বিশ্ববিদ্যালয়ের গবেষণা পরিচালক ড. নাজিয়া হাবিব-এর সঞ্চালনায় অনুষ্ঠিত সেমিনারে অতিথি ছিলেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক (পশ্চিম ইউরোপ এবং ইইউ) মোহাম্মদ খোরশেদ আলম খাস্তগীর; বিটাকের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) ড. মোঃ মফিজুর রহমান; ঢাকা




এসএমই খাতের বিকাশে প্রযুক্তির গুরুত্ব বিষয়ক আন্তর্জাতিক সেমিনার

বিশ্ববিদ্যালয়ের ইইই বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. এসএম মোস্তফা আল মামুন; ঢাকা বিশ্ববিদ্যালয়ের লেদার টেকনোলজি ইনিস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. সৈয়দ মোঃ শামসুদ্দিন; শিল্প মন্ত্রণালয়ের উপসচিব ড. মোহাম্মদ নান্নু মোল্লা এবং নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক হেলাল আহমেদ। সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করেন যুক্তরাজ্যের কামব্রিজ বিশ্ববিদ্যালয়ের গবেষণা পরিচালক প্রফেসর স্টিভ ইভান্স।

# ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০১৯ এ এস এম ই ফাউন্ডেশনের অংশগ্রহণ



বাণিজ্যমন্ত্রী টিপু মুনশীর কাছে থেকে পুরস্কার গ্রহণ করছেন ফাউন্ডেশনের উপব্যবস্থাপনা পরিচালক এস এম শাহীন আনোয়ার

এসএমই ফাউন্ডেশন ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ) ২০১৯-এ অংশগ্রহণ করে। মেলায় ফাউন্ডেশনের একটি প্যাভিলিয়ন ছিল। প্যাভিলিয়নে ২১টি প্রতিষ্ঠান পণ্য প্রদর্শন ও বিক্রয় করে। প্যাভিলিয়নে এসএমই ফাউন্ডেশন ও চ্যানেল আই-এর একটি বুথ ছিল। এসএমই ফাউন্ডেশনের প্যাভিলিয়ন ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ) ২০১৯-এ সংরক্ষিত প্যাভিলিয়ন ক্যাটাগরিতে দ্বিতীয় স্থান অর্জন করে। বাণিজ্য মেলার সমাপনী অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাণিজ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী টিপু মুনশি, এমপি প্রধান অতিথি হিসেবে নির্বাচিত শ্রেষ্ঠ প্যাভিলিয়ন/স্টলসমূহের পুরস্কার (ট্রফি) বিতরণ করেন। ফাউন্ডেশনের পক্ষে উপব্যবস্থাপনা পরিচালক এস এম শাহীন আনোয়ার, প্রধান অতিথির নিকট হতে পুরস্কার (ট্রফি) গ্রহণ করেন। কর্মসংস্থান সৃষ্টিতে সহায়তা, ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উন্নয়ন, নান্দনিক প্যাভিলিয়ন স্থাপন ও সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য এসএমই ফাউন্ডেশনকে ট্রফি প্রদান করা হয়। বাণিজ্য মেলায় ফাউন্ডেশনের প্যাভিলিয়নে অংশগ্রহণকারী উদ্যোক্তাগণ ১ কোটি ৩৮ লক্ষ টাকার পণ্য বিক্রয় করেন এবং ৭৮ লক্ষ টাকার পণ্যের অর্ডার পান।



ডিআইটিএফ-এ এসএমই ফাউন্ডেশনের প্যাভিলিয়ন

# নারী আইসিটি ফ্রী-ল্যান্সারদের জন্য উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ আয়োজন

এসএমই ফাউন্ডেশন ও ইউরোপিয়ান ইউনিয়নের প্রিজম প্রকল্প- টেকনিক্যাল অ্যাসিসটেন্স টু বিসিক-এর আয়োজনে Entrepreneurship Development Training for ICT Freelancer প্রকল্পের আওতায় আইসিটি ফ্রিল্যান্সারদের জন্য উদ্যোক্তা উন্নয়ন বিষয়ে ৫ দিনব্যাপী প্রশিক্ষণ কোর্স ৪টি বিভাগীয় শহর- ঢাকা, খুলনা, চট্টগ্রাম এবং সিলেটে আয়োজিত হয়েছে। চলতি বছরে ঢাকায় ২০-২৪ জানুয়ারি, খুলনায় ২৭-৩১ জানুয়ারি, চট্রগ্রামে ১৬-২০ ফেব্রুয়ারি এবং সিলেটে ২৭-৩১ মার্চ ৪টি প্রশিক্ষণ সম্পন্ন হয়। প্রশিক্ষণে ১০০ জন নারী ফ্রী-ল্যান্সার উদ্যোক্তাকে এ প্রশিক্ষণ প্রদান করা হয়।




আইসিটি ফ্রি-ল্যান্সারদের সনদ প্রদান অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিবৃন্দ ও প্রশিক্ষণার্থীবৃন্দ

পর্যায়ক্রমে দেশের সকল বিভাগীয় শহরে ২০০ জন নারী-উদ্যোক্তাকে বিনামূল্যে উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ দিবে প্রিজম প্রকল্প ও এসএমই ফাউন্ডেশন। এসএমই ফাউন্ডেশনের নারী আইসিটি ফ্রী-ল্যান্সার ও উদ্যোক্তা উন্নয়ন কর্মসূচির আওতায় গ্রাফিক্স ডিজাইন এবং ওয়েব ডিজাইন বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত নারীদেরকে উদ্যোক্তা হিসেবে গড়ে তোলার লক্ষ্যে প্রশিক্ষণ কোর্সসমূহের আয়োজন করা হচ্ছে। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারী নারী উদ্যোক্তাদের মধ্যে সনদপত্র বিতরণ করা হয়।

## 'স্যান্ড মোল্ডিং পদ্ধতির যথাযথ অনুশীলন' প্রশিক্ষণ

ফাউন্ড্রি শিল্পের উদ্যোক্তা ও উৎপাদনকর্মীদের মাঝে 'স্যান্ড মোল্ডিং' পদ্ধতির যুগোপযোগী জ্ঞানের বিকাশ, বিজ্ঞানসম্মত অনুশীলন উদ্বুদ্ধকরণ ও প্রত্যক্ষ্য ব্যবহারিক কার্যক্রমের মাধ্যমে ২-৪ মার্চ ২০১৯ বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি (বাইশিমাস), টিপু সুলতান রোড, ঢাকায় 'স্যান্ড মোল্ডিং পদ্ধতির যথাযথ অনুশীলন' দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণে ১১টি ফাউন্ড্রি হতে ১৭জন উদ্যোক্তা ও উৎপাদনকর্মী এবং বাইশিমাস-এর ৩জন কর্মকর্তাসহ ২০জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।



'স্যান্ড মোল্ডিং পদ্ধতির যথাযথ অনুশীলন' প্রশিক্ষণে উপস্থিত প্রশিক্ষণার্থী

## 'নারী-উদ্যোক্তাদের ব্যবসা বহুমুখীকরণ' প্রশিক্ষণ

মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্পে নিয়োজিত নারী-উদ্যোক্তাদের বিদ্যমান ব্যবসার পাশাপাশি বহুমুখী ব্যবসায় উদ্বুদ্ধকরণ এবং প্রশিক্ষণ প্রদানের অংশরূপে ১১-১৩ ফেব্রুয়ারি ২০১৯ মানিকগঞ্জে প্রশিক্ষণের আয়োজন করা হয়। ৩দিনব্যাপি প্রশিক্ষণে Techniques of Arts and Crafts প্রশিক্ষণ প্রদান করা হয়। অভিজ্ঞ প্রশিক্ষক হিসেবে প্রশিক্ষণ প্রদান করেন নিসর্গ-এর স্বত্ত্বাধিকারী আয়েশা সিদ্দিকা। ব্লক বাটিকের পাশাপাশি নারী-উদ্যোক্তাদের বিভিন্ন পোশাকের উপর ব্লক প্রিন্ট, কালার প্রিন্ট এবং বিভিন্ন ডিজাইন, নকশা অঙ্কন ইত্যাদি প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়া, ২৮-৩০ মার্চ ২০১৯ 'নারী-উদ্যোক্তাদের জন্য শোপিস তৈরি' প্রশিক্ষণ দেয়া হয়। নারী-উদ্যোক্তাদের 'ব্যবসা বহুমুখীকরণ' প্রশিক্ষণের সমাপ্তিতে প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদপত্র বিতরণ অনুষ্ঠানে স্থানীয় চেম্বার, নারী-উদ্যোক্তা অ্যাসোসিয়েশনের প্রতিনিধি এবং ফাউন্ডেশনের প্রতিনিধি উপস্থিত ছিলেন। ২৩ অক্টোবর ২০১৮ মানিকগঞ্জে এবং ১৭ ফেব্রুয়ারি



ব্যাবসা বহুমুখীকরণের প্রশিক্ষণে প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীবৃন্দ

২০১৯ কুমিল্লায় আয়োজিত Follow up Intervention for Business Diversification কর্মসূচির আওতায় 'নারী-উদ্যোক্তাদের বহুমুখী ব্যবসায় উদ্বুদ্ধকরণ' দুইটি কর্মশালা আয়োজন করা হয়। 'নারী-উদ্যোক্তাদের বহুমুখী ব্যবসায় উদ্বুদ্ধকরণ' কর্মশালায় আগ্রহী প্রতি ব্যাচে ৩০ জন নারী-উদ্যোক্তাকে বাছাইপূর্বক Techniques of Arts and Crafts এবং 'নারী-উদ্যোক্তাদের জন্য শোপিস তৈরি' প্রশিক্ষণ আয়োজন করা হয়।

# আঞ্চলিক এস এম ই পণ্য মেলা আয়োজন

এস এম ই উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের প্রচার ও প্রসারের লক্ষ্যে ফাউন্ডেশন জাতীয় এসএমই মেলার পাশাপাশি প্রতিবছর 'আঞ্চলিক এসএমই পণ্য মেলা' আয়োজন করে। স্থানীয় জেলা প্রশাসন, বিসিক, নাসিব, চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাষ্ট্রি ও ব্যবসায়িক প্রতিনিধিসহ সকল স্টেকহোল্ডারদের সম্পৃক্ত করে তাঁদের সহযোগিতায় এসএমই ফাউন্ডেশন চলতি ২০১৮-১৯ অর্থবছরে আটটি বিভাগের তেইশটি জেলায় (নীলফামারী, দিনাজপুর, রংপুর, গাইবান্ধা, বগুড়া, পাবনা, চাঁপাইনবাবগঞ্জ, কুষ্টিয়া, যশোর, খুলনা, জামালপুর, ময়মনসিংহ, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, বরিশাল, ঝালকাঠি, সিলেট, মৌলভীবাজার, কুমিল্লা, নোয়াখালী ও রাঙ্গামাটি) সাতদিনব্যাপী 'আঞ্চলিক এসএমই পণ্য মেলা' আয়োজন করে। আঞ্চলিক মেলা উপলক্ষ্যে র‌্যালি, প্রেস কনফারেন্স, এসএমই বিষয়ক সেমিনার, উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠান আয়োজন, শ্রেষ্ঠ স্টলসমূহকে পুরস্কার বিতরণ, সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের পাশাপাশি স্কাউট এবং রোভারসদের মেলার সাথে সম্পৃক্ত করা, মেলায় ক্রেতা-বিক্রেতার সাক্ষাতের জন্য 'মিট প্লেস ফর বায়ার্স এন্ড সেলার্স'-এর ব্যবস্থা রাখা, মেলায় ব্লাড ডোনেশন ক্যাম্প স্থাপন, মেলায় মিডিয়া সেন্টার এবং হেলপ্ ডেস্ক স্থাপন প্রভৃতি কার্যক্রম গ্রহণ করা হয়। ২০১৮-১৯ অর্থবছরে অনুষ্ঠিত তেইশটি আঞ্চলিক এসএমই পণ্য মেলায় ৯১৬.২৪ লক্ষ টাকার পণ্য বিক্রয় এবং ৬৪৩.৭৬ লক্ষ টাকার বিভিন্ন পণ্যের অর্ডার পাওয়া যায়।

### এক নজরে মেলায় বিক্রয় ও অর্ডার

(লক্ষ টাকায়)

| ক্রমিক | জেলা | তারিখ ও স্থান | প্রতিষ্ঠানের সংখ্যা | স্টলের সংখ্যা | বিক্রয় | অর্ডার |
|---|---|---|---|---|---|---|
| ১ | চাঁপাইনবাবগঞ্জ | ১২-১৮ ফেব্রুয়ারি, চাঁপাইনবাবগঞ্জ স্টেডিয়াম | ৪৩ | ৪৫ | ২৫.২৫ | ৩.১৭ |
| ২ | জামালপুর | ২৩ ফেব্রুয়ারি-১ মার্চ, জামালপুর জিলা স্কুল | ৪৩ | ৫১ | ২১ | ৮ |
| ৩ | রংপুর | ২৫ ফেব্রুয়ারি -৩ মার্চ, পাবলিক লাইব্রেরি মাঠ | ৬৯ | ৬৯ | ৫৭.৯৭ | ৩২.০৩ |
| ৪ | কুষ্টিয়া | ২৭ ফেব্রুয়ারি-৭ মার্চ, কুষ্টিয়া কালেক্টরেট চত্বর | ৫২ | ৫৮ | ৫৬.৫৯ | ৫১.৩৪ |
| ৫ | পাবনা | ২৮ ফেব্রুয়ারি-৬ মার্চ, পুলিশ লাইন মাঠ | ৫৭ | ৬৪ | ৫৪ | ৫১.৬০ |
| ৬ | নরসিংদী | ২৮ ফেব্রুয়ারি-৬ মার্চ, শিল্পকলা একাডেমি | ৫৩ | ৬৪ | ৭১.৫৫ | ৪৮.৫৮ |
| ৭ | যশোর | ২৮ ফেব্রুয়ারি-৭ মার্চ, মুন্সী মেহেরুল্লাহ ময়দান | ৩৬ | ৪৫ | ৭৮.৩৭ | ৭৪.১৬ |
| ৮ | কুমিল্লা | ২৮ ফেব্রুয়ারি-৬ মার্চ, টাউন হল মাঠ | ৫৩ | ৬২ | ৫০.৩৫ | ২৫.৫৮ |
| ৯ | রাঙ্গামাটি | ২-৮ মার্চ ২০১৯, কুমার সুমিত রায় জিমনেসিয়াম | ৪২ | ৫০ | ৩৭.১৮ | ১৫.৬৭ |
| ১০ | বরিশাল | ৩-৯ মার্চ ২০১৯, বঙ্গবন্ধু উদ্যান | ৪২ | ৪২ | ২২.৯০ | ১০ |
| ১১ | সিলেট | ৩-৯ মার্চ ২০১৯, মোহাম্মদ আলী জিমনেসিয়াম | ৩৩ | ৩৬ | ২০.২২ | ৩০.২১ |
| ১২ | বগুড়া | ৩-৯ মার্চ ২০১৯, বগুড়া জিলা স্কুল মাঠ | ৪৮ | ৫৬ | ৬৭.২৪ | ৪৭.৭৯ |
| ১৩ | ঝালকাঠি | ৩-৯ মার্চ ২০১৯, ঝালকাঠি শিশুপার্ক | ৪৪ | ৫১ | ২৫.০৪ | ৫.৭৭ |
| ১৪ | নোয়াখালী | ৩-৯ মার্চ ২০১৯, শিল্পকলা একাডেমি | ৩৭ | ৩৭ | ৪.৩০ | ৩.৯৩ |
| ১৫ | টাঙ্গাইল | ৪-১০ মার্চ ২০১৯, শহীদ পৌর উদ্যান | ৩৯ | ৫২ | ৬৭.৫১ | ১৬.৫২ |
| ১৬ | দিনাজপুর | ৫-১১ মার্চ ২০১৯, গোর-ই-শহীদ ময়দান | ৫৬ | ৬৬ | ৩৩.১২ | ৮১.০৩ |
| ১৭ | খুলনা | ৯-১৫ মার্চ ২০১৯, পাবলিক হল | ৪২ | ৪৮ | ৩৮.৬০ | ৪১.৪৫ |
| ১৮ | কিশোরগঞ্জ | ৯-১৫ মার্চ ২০১৯, পুরাতন স্টেডিয়াম | ৩৮ | ৪৪ | ১৬.১৮ | ৭.৭৮ |
| ১৯ | ময়মনসিংহ | ১২-১৮ মার্চ ২০১৯, ময়মনসিংহ টাউন হল | ৪৯ | ৫০ | ৬৫.১২ | ৫২.৫৯ |
| ২০ | নীলফামারী | ১৫-২১ মার্চ ২০১৯, নীলফামারী হাই স্কুল মাঠ | ৪৮ | ৫৫ | ২২.৯৫ | ৫.২৫ |
| ২১ | গাইবান্ধা | ২১-২৭মার্চ ২০১৯, স্বাধীনতা ময়দান | ৫৯ | ৬২ | ৩৫.৭৪ | ১৬.৫২ |
| ২২ | ফরিদপুর | ২৪-৩০ মার্চ ২০১৯, সরকারী রাজেন্দ্র কলেজ মাঠ | ২৮ | ২৯ | ৮.৭১ | ৩.৪৫ |
| ২৩ | মৌলভীবাজার | ২৮ মার্চ-৩ এপ্রিল ২০১৯, সরকারী উচ্চ বিদ্যালয় মাঠ | ৬২ | ৬৮ | ৩৬.৩৫ | ১১.৩৪ |
| | | মোট | ১০৭৩ | ১২০৪ | ৯১৬.২৪ | ৬৪৩.৭৬ |
| | | গড় | ৪৬.৬৫ | ৫২.৩৫ | ৩৩.৮৪ | ২৭.৯৯ |

## চিত্রে আঞ্চলিক এস এম ই পণ্য মেলা ২০১৯


নরসিংদীতে মেলার উদ্বোধন করেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন, এমপি


চাপাঁইনবাবগঞ্জে মেলার উদ্বোধন করেন রাজশাহীর অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) মোঃ আনোয়ার হোসেন



জামালপুর মেলার শোভাযাত্রায় ইঞ্জি. মোজাফফর হোসেন, এমপি


রংপুর মেলার উদ্বোধনী অনুষ্ঠানে মোঃ জাকের হোসেন, পরিচালক, স্থানীয় সরকার



কুষ্টিয়া মেলার শোভাযাত্রায় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অতিঃ সচিব মুহাম্মদ আকবর হোসেন


জেলা প্রশাসকের সভাপতিত্বে মেলাটি উদ্বোধন করেন শেখ রফিকুল ইসলাম, পিপিএম, পুলিশ সুপার, পাবনা


যশোরের মেলাটি উদ্বোধন করেন স্বপন ভট্টাচার্য, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়



বার্ড-এর মহাপরিচালক এম মিজানুর রহমান কুমিল্লার মেলা উদ্বোধন করেন


দীপংকর তালুকদার, মাননীয় সংসদ সদস্য, রাঙ্গামাটির মেলা উদ্বোধন করেন


বরিশাল সিটি কর্পোরেশন মেয়র সেরনিয়াবাদ সাদিক আব্দুল্লাহ বরিশাল মেলার উদ্বোধন করেন


মোহাম্মদ মেসবাহউদ্দিন চৌধুরী, বিভাগীয় কমিশনার, সিলেট-এর নেতৃত্বে সিলেট মেলার র‌্যালি


বগুড়া জেলা প্রশাসক ফয়েজ আহাম্মদ এর নেতৃত্বে আলতাফুন্নেছা খেলার মাঠ থেকে র‌্যালি অনুষ্ঠিত হয়


ঝালকাঠি শিশুপার্কে মেলাটি উদ্বোধন করেন মোঃ হামিদুল হক, জেলা প্রশাসক, ঝালকাঠি


নোয়াখালি জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মুখ হতে জেলা শিল্পকলা একাডেমি পর্যন্ত মেলার শোভাযাত্রা অনুষ্ঠিত হয়


টাঙ্গাইল মেলার সমাপনী অনুষ্ঠানে অতিথিবৃন্দ


দিনাজপুর মেলার উদ্বোধন করেন মোহাম্মদ জয়নুল বারী, কমিশনার, রংপুর বিভাগ


খুলনা মেলার উদ্বোধন করেন সেখ সালাহউদ্দিন জুয়েল, মাননীয় সংসদ সদস্য, খুলনা-২


কিশোরগঞ্জ মেলার উদ্বোধনীতে প্রধান অতিথি ছিলেন মোঃ সফিকুল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন



ময়মনসিংহ মেলাটি উদ্বোধন করেন শরীফ আহমেদ এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়


নাজিয়া শিরিন, জেলা প্রশাসক, নীলফামারী-র নেতৃত্ব মেলার বর্ণাঢ্য র‌্যালি অনুষ্ঠিত হয়


গাইবান্ধা মেলাটির উদ্বোধন করেন মাহবুব আরা গিনি এমপি, হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ


ফরিদপুরে মেলা উদ্বোধন করেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেন


মৌলভীবাজার মেলার উদ্বোধন করেন মৌলভীবার-৩ আসনের সংসদ সদস্য মোঃ নেছার আহমদ

## ‘ক্রেতা-বিক্রেতা সম্মিলনে অংশগ্রহণকারী নারী-উদ্যোক্তাদের প্রস্তুতি’ কর্মশালা আয়োজিত



ক্রেতা-বিক্রেতা সম্মিলন পূর্বের প্রস্তুতিমূলক কর্মশালায় উপস্থিত উদ্যোক্তাবৃন্দ

নারী-উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের বাজার সংযোগে সহায়তা প্রদানে এসএমই ফাউন্ডেশনের নারী-উদ্যোক্তা উন্নয়ন উইং প্রতি বছর ক্রেতা-বিক্রেতা সম্মিলন আয়োজন করে। যার ধারাবাহিকতায় ২০১৯ সালের ক্রেতা-বিক্রেতা সম্মিলন আয়োজনে নারী-উদ্যোক্তাদের পূর্বপ্রস্তুতিমূলক কর্মশালা ২৯ জানুয়ারি ২০১৯ ফাউন্ডেশনের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। কর্মশালার রিসোর্স পার্সন হিসেবে বক্তব্য রাখেন রং বিষয়ে অভিজ্ঞ রিসোর্স পার্সন সাবিহ্ উল আলম, বাংলাক্রাফট-এর সভাপতি এবং নিপুন এর স্বত্বাধিকারী আশরাফুর রহমান (ফারুক), ফ্যাশন হাউস বিবিয়ানার স্বত্বাধিকারী ও ডিজাইনার লিপি খন্দকার, ফ্যাশন হাউস অঞ্জন্স এর স্বত্বাধিকারী এবং Fashion Entrepreneurs Association of Bangladesh-এর সভাপতি শাহিন আহমেদ। অনুষ্ঠানে ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক মোঃ সফিকুল ইসলাম, উপব্যবস্থাপনা পরিচালক এস এম শাহীন আনোয়ার, মহাব্যবস্থাপক ফারজানা খান এবং ব্যবস্থাপক মুহাম্মদ মাসুদুর রহমান উপস্থিত ছিলেন। কর্মশালায় ৩৫ জন নারী-উদ্যোক্তা অংশগ্রহণ করেন।

## ‘অমর একুশে গ্রন্থমেলা ২০১৯’ -এ ফাউন্ডেশনের অংশগ্রহণ



বইমেলায় ফাউন্ডেশনের স্টল পরিদর্শন করছেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি বিষয়ক মন্ত্রী মোস্তফা জব্বার

এসএমই ফাউন্ডেশন ০১ ফেব্রুয়ারি-২ মার্চ, ২০১৯ বাংলা একাডেমি আয়োজিত ‘অমর একুশে গ্রন্থমেলা ২০১৯’ -এ অংশগ্রহণ করে। গ্রন্থমেলায় ফাউন্ডেশনের পরিচিতি ও কর্মকাণ্ড সম্পর্কিত বিভিন্ন তথ্য, উপাত্ত, পরামর্শ ও দিক-নির্দেশনামূলক গ্রন্থ/প্রকাশনা/নিউজলেটার/ব্রসিউর বিতরণ ও বিক্রয় করা হয়।

## ‘নারী-উদ্যোক্তাদের বহুমুখী ব্যাবসায় উদ্বুদ্ধকরণ’ কর্মশালা



বহুমুখী ব্যাবসায় উদ্বুদ্ধকরণ কর্মশালা

Follow up Intervention for Business Diversification কর্মসূচির আওতায় কুমিল্লায় নারী-উদ্যোক্তাদের বহুমুখী ব্যবসায় উদ্বুদ্ধকরণ বিষয়ক একটি কর্মশালা আয়োজন করা হয়। চলতি বছরের ১৭ই ফেব্রুয়ারি নগরীর নজরুল ইন্সটিটিউটে আয়োজিত উক্ত কর্মশালায় বিভিন্ন খাতের ৫০ জনের অধিক নারী-উদ্যোক্তা অংশগ্রহণ করেন। দিনব্যাপি কর্মশালায় নারী-উদ্যোক্তাদের গতানুগতিক ব্যবসার বাইরে নতুন নতুন ব্যবসা সম্ভাবনা বিষয়ে আলোচনা করা হয়। বহুমুখী ব্যবসায়ে কুমিল্লা জেলার নারী-উদ্যোক্তাদের উদ্বুদ্ধকরণের লক্ষ্যে অভিজ্ঞ নারী-উদ্যোক্তা হিসেবে ব্যবসা সম্প্রসারণে পরামর্শ প্রদান ও উদ্বুদ্ধকরণ এবং নতুন বাজার তৈরিতে সহায়তা প্রদান বিষয়ে আলোচনা করেন হাসিনা মুক্তা, স্বত্বাধিকাকরী, নতুনত্ব বুটিকস অ্যান্ড হ্যান্ডিক্রাফটস, আবিদা সুলতানা, স্বত্বাধিকারী, ব্রাইডাল ক্রিয়েশন এবং মাশরেকা বিনতে মোশাররফ, স্বত্বাধিকারী, ক্রিয়েটিভ কানেকশন। কর্মশালাটি পরিচালনা করেন ফাউন্ডেশনের উপব্যবস্থাপক নাজমা খাতুন।

## এসএমইডিপি-২ প্রকল্প বাস্তবায়ন




ব্যাংকার-উদ্যোক্তা সেমিনারে উপস্থিত অতিথিবৃন্দ

মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্পখাত (এমএসএমই) উন্নয়নের জন্য আর্থিক সেবা সম্প্রসারণে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি)-এর আর্থিক সহায়তা এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিজস্ব অর্থায়নে ‘সেকেন্ড স্মল অ্যান্ড মিডিয়াম সাইজড এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট প্রজেক্ট (এসএমইডিপি-২)’ ২৪০ মিলিয়ন মার্কিন ডলার সমমূল্যের একটি পুনঃঅর্থায়ন তহবিল গঠন করা হয়। বাংলাদেশ ব্যাংক ও এসএমই ফাউন্ডেশন উক্ত প্রকল্পের Technical Assistance Project Proposal (TAPP) অংশের আওতায় এসএমই অর্থায়ন এবং উক্ত প্রকল্প বিষয়ে সচেতনতা তৈরিতে দেশের ৪টি বিভাগীয় শহরে ‘এসএমই উদ্যোক্তা-ব্যাংকার সেমিনার’ আয়োজন করে। প্রথম ৩টি সেমিনার ১৭ ফেব্রুয়ারি, ২৮ ফেব্রুয়ারি ও ২১ মার্চ ২০১৯ যথাক্রমে রংপুর, ময়মনসিংহ ও খুলনায় অনুষ্ঠিত হয়। মোঃ আবুল বশর, মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংকের সভাপতিত্বে রংপুরে অনুষ্ঠিত ১ম সেমিনারে প্রধান অতিথি ছিলেন মোহাম্মদ গোলাম হায়দার, নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক। এছাড়া, বিশেষ অতিথি ছিলেন মোঃ নাজিম হাসান সাত্তার, মহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন এবং ডংডং ঝ্যাং, প্রিন্সিপাল ফাইনান্সিয়াল সেক্টর স্পেশালিস্ট, এডিবি। সেমিনারসমূহে প্রকল্পের সংশ্লিষ্ট প্রায় ৩২টি সরকারি-বেসরকারি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, ট্রেডবডি, অ্যাসোসিয়েশনের প্রতিনিধি, স্থানীয় নারী ও পুরুষ এসএমই উদ্যোক্তাসহ বাংলাদেশ ব্যাংক ও এসএমই ফাউন্ডেশনের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## পটুয়াখালী জেলা শহরে ‘ফাইনান্সিয়াল লিটারেসি অন এসএমই ব্যাংকিং’ কর্মশালা

ক্ষুদ্র ও মাঝারি (এসএমই) শিল্পোদ্যোক্তাদের জন্য অন্যতম প্রতিবন্ধকতা সহজ শর্তে ঋণ প্রাপ্তি। এ প্রেক্ষাপটে বাংলাদেশে নতুন কর্মসংস্থান সৃষ্টি ও সামগ্রিক অর্থনেতিক উন্নয়নে এসএমই খাতে ঋণ বিতরণ বৃদ্ধির কোনো বিকল্প নেই। বাংলাদেশের ক্ষেত্রে এসএমই ব্যাংকিং ও এসএমই অর্থায়ন নতুন ধারণা। এ ধারনা ব্যাংকার ও উদ্যোক্তাদের নিকট সুপরিচিত নয়। ব্যাংক কর্মকর্তাদের গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও বাংলাদেশ ব্যাংকের বিভিন্ন নীতিমালা, সার্কুলার, প্রকাশনা, কর্মসূচি, ঋণ অনুমোদন ও আদায় সম্পর্কিত কৌশল ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে এসএমই ব্যাংকিং বিষয়ে সচেতন ও দক্ষকরণ এবং সংশ্লিষ্ট গ্রাহকদের সচেতনতা বৃদ্ধিতে এসএমই ফাউন্ডেশন নিয়মিত ‘ফাইনান্সিয়াল লিটারেসি অন এসএমই ব্যাংকিং’ কর্মশালা আয়োজন করে। যার অংশরূপে পটুয়াখালীতে ফাউন্ডেশন বাংলাদেশ ব্যাংক, বরিশাল -এর সহযোগিতায় ৬-৭ ফেব্রুয়ারি ২০১৯ পটুয়াখালী জেলা পরিষদ মিলনায়তনে ‘ফাইনান্সিয়াল লিটারেসি অন এসএমই ব্যাংকিং’ ২ দিনব্যাপী কর্মশালা আয়োজন করে। কর্মশালায় উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মোঃ মতিউল ইসলাম চৌধুরী, জেলা প্রশাসক, পটুয়াখালী। বিশেষ অতিথি ছিলেন মোঃ সলিমউল্লাহ, সিনিয়র সহকারী সচিব, শিল্প মন্ত্রণালয়



পটুয়াখালীতে ফাইনান্সিয়াল লিটারেসি অন এসএমই ব্যাংকিং কর্মশালা উপস্থিত অতিথিবৃন্দ

এবং স্বপন কুমার বিশ্বাস, উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক, বরিশাল। সম্মানিত অতিথি ছিলেন মোঃ খলিলুর রহমান, চেয়ারম্যান, জেলা পরিষদ, পটুয়াখালী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সুমন চন্দ্র সাহা, সহকারী মহাব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে পটুয়াখালী জেলার বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের আঞ্চলিক প্রধান/শাখা প্রধানগণ, চেম্বার ও অ্যাসোসিয়েশনের প্রতিনিধিগণ, এসএমই খাত সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান (বিসিক, নাসিব, জেলা যুবউন্নয়ন অধিদপ্তর, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়) এর প্রতিনিধিসহ প্রায় ৮০জন অতিথি উপস্থিত ছিলেন। কর্মশালায় পটুয়াখালী জেলার বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান ও এসএমই সংশ্লিষ্ট ৩৮জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

## এসএমই উন্নয়নের লক্ষ্যে ঢাকাসহ দেশের বিভিন্ন জেলায় উদ্যোক্তাদের প্রশিক্ষণ



প্রশিক্ষণে অংশগ্রহণকারী উদ্যোক্তাবৃন্দ

ক্ষুদ্র ও মাঝারি শিল্পখাতের উন্নয়নে শিল্প ও ব্যবসাবান্ধব পরিবেশ তৈরিতে এসএমই ফাউন্ডেশন বিভিন্ন স্থানে উদ্যোক্তাদের চাহিদার ভিত্তিতে বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করছে। জানুয়ারি-মার্চ ২০১৯ এসএমই ফাউন্ডেশন ঢাকা, শরিয়তপুর, মুন্সিগঞ্জ ও মৌলভীবাজারে নতুন উদ্যোক্তা সৃষ্টির জন্য ৫ দিন মেয়াদি How to Start a New Business ৪টি প্রশিক্ষণ বাস্তবায়ন করা হয়েছে। এছাড়া, নারায়ণগঞ্জ জেলায় সরাসরি ব্যবসা সংশ্লিষ্ট ৩০জন উদ্যোক্তা সমন্বয়ে 'ব্যবসা ব্যবস্থাপনা' প্রশিক্ষণ সফলভাবে বাস্তবায়ন করা হয়েছে। রাঙ্গামাটি জেলায় 'বিভিন্ন ধরনের হস্তশিল্প তৈরি' এবং ফরিদপুরে 'ব্লক ও বাটিক' ৫ দিন ব্যাপী ২টি প্রশিক্ষণে ৬০জন উদ্যোক্তা অংশগ্রহণ করে। গাজীপুর জেলার কাপাসিয়ায় 'বিভিন্ন ধরনের হাতের সেলাই' ১০ দিনব্যাপী উদ্যোক্তাদের 'দক্ষতা উন্নয়ন' প্রশিক্ষণ বাস্তবায়িত হয়েছে। উদ্যোক্তা উন্নয়নের কার্যক্রম হিসেবে এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে ঢাকায় 'ফ্যাশন ডিজাইন' ৬ দিনব্যাপী ও 'ন্যাচারাল ডাইং' ৫ দিনব্যাপী ২টি প্রশিক্ষণে ৬১জন উদ্যোক্তা অংশগ্রহণ করে। পাট ও চামড়া শিল্পের উন্নয়নে ৩০জন উদ্যোক্তা ঢাকায় 'বিভিন্ন ধরনের পাটজাত পণ্য তৈরি' ৫ দিনব্যাপী প্রশিক্ষণ বাস্তবায়িত হয়। ২৬জন উদ্যোক্তা সমন্বয়ে 'বিউটিফিকেশন ও পার্লার ব্যবস্থাপনা' ৫ দিনমেয়াদী প্রশিক্ষণ ঢাকায় অনুষ্ঠিত হয়। এসএমই ফাউন্ডেশনের উদ্যোগে এবং এবং জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি বাংলাদেশ (নাসিব)-এর সহায়তায় ৭টি, চিটাগাং উইম্যান চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর সহায়তায় ৪টি, বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি -এর সহায়তায় ৬টি, উইমেন এন্টারপ্রিনিয়ার অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ -এর সহায়তায় ৩টি, তৃণমূল নারী-উদ্যোক্তা সোসাইটি (গ্রাসরুটস)-এর সহায়তায় ২টি এবং নতুন প্রজন্ম উদ্যোক্তা উন্নয়ন ফাউন্ডেশন-এর সহায়তায় ১টি প্রশিক্ষণ বাস্তবায়ন হয়েছে। 'কারখানা ব্যবস্থাপনা ও উৎপাদনশীলতা উন্নয়ন', 'বিউটিফিকেশন ও বিউটি পার্লার ব্যবস্থাপনা', 'নতুন ব্যবসা তৈরি', 'ফাস্টফুড তৈরি ও সংরক্ষণ', 'বিভিন্ন ধরনের পাটজাত পণ্য তৈরি', 'প্যাটার্ন মেকিং অ্যান্ড স্যুইং', 'বিভিন্ন ধরনের কৃত্রিম ফুল তৈরি', 'ব্লক ও বাটিক', 'ফ্যাশন ডিজাইন', 'নারী-উদ্যোক্তা উন্নয়ন ও ব্যবসা ব্যবস্থাপনা' এবং 'বিভিন্ন ধরণের চামড়াজাত পণ্য তৈরি' মোট ২৪টি প্রশিক্ষণ বরগুনা, নারায়নগঞ্জ, যশোর, চট্টগ্রাম (৩টি), কুমিল্লা, গোপালগঞ্জ, রাঙ্গামাটি, বরিশাল, হবিগঞ্জ, বান্দরবান, লক্ষীপুর, ব্রাহ্মণবাড়িয়া, সিলেট, ঢাকা, খুলনা, মৌলভীবাজার, শেরপুর, ফরিদপুর, কিশোরগঞ্জ, পাবনা ও ময়মনসিংহ জেলায় বাস্তবায়ন করা হয়েছে। প্রশিক্ষণসমূহে ৭২০জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে।

## ক্রেডিট হোলসেলিং প্রোগ্রাম সম্প্রসারণে বাংলাদেশ ব্যাংক এবং এসএমই ফাউন্ডেশনের মধ্যে চুক্তিনামা স্বাক্ষর



চুক্তিনামা সাক্ষর অনুষ্ঠানে বাংলাদেশ ব্যাংকের গভর্নর ফজলে কবির, মহাব্যবস্থাপক শেখ মোঃ সেলিম ও ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক মোঃ সফিকুল ইসলাম

এসএমই ফাউন্ডেশন দেশের সম্ভাবনাময় ক্লাস্টার, জাতীয় শিল্পনীতি ২০১৬-এ উচ্চ অগ্রাধিকার ও অগ্রাধিকারপ্রাপ্ত সেক্টর এবং ক্ষুদ্র ও মাঝারি নারী-শিল্পোদ্যোক্তাদের বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে স্বল্প সুদে জামানতবিহীন ঋণ প্রদানে ক্রেডিট হোলসেলিং বিশেষ ঋণ কর্মসূচি পরিচালনা করছে। ২০০৯ সালে পাইলট প্রকল্প হিসেবে মাইডাস ফাইন্যান্সিং লি.-এর মাধ্যমে বগুড়া হালকা প্রকৌশল শিল্পখাতের উদ্যোক্তাদের মধ্যে ঋণ বিতরণের মাধ্যমে এ কর্মসূচির যাত্রা। সহজ শর্তে ঋণ প্রাপ্তির সাথে সাথে ফাউন্ডেশন হতে বিভিন্ন নন ফাইনান্সিয়াল সার্ভিস প্রদানের ফলে বিভিন্ন ক্লাস্টার ও সেক্টরে এ ঋণের ব্যপক চাহিদা সৃষ্টি হয়েছে। ফাউন্ডেশনের ক্রেডিট হোলসেলিং প্রোগাম সম্প্রসারণের মাধ্যমে বর্ধিত ঋণ চাহিদা পূরণে ফাউন্ডেশন ১২ ফেব্রুয়ারি ২০১৯ বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ে বাংলাদেশ ব্যাংক-এর পুনঃ অর্থায়ন কর্মসূচির আওতায় ৫০ কোটি টাকার ঋণ তহবিল বিষয়ক একটি চুক্তিনামা স্বাক্ষর করে। স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ফজলে কবির, গভর্নর, বাংলাদেশ ব্যাংক। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালকসহ, পরিচালক পর্ষদের সদস্যবৃন্দ, উর্ধ্বতন কর্মকর্তাগণ এবং ফাউন্ডেশনের অংশীদার আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন। মোঃ সফিকুল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক এসএমই ফাউন্ডেশন এবং শেখ মোঃ সেলিম, মহাব্যবস্থাপক, এসএমই অ্যান্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক স্বীয় প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিনামায় স্বাক্ষর করেন। চুক্তির মাধ্যমে বাংলাদেশ ব্যাংক এসএমই ফাউন্ডেশনের অনুকূলে ৫০ কোটি টাকার পুনঃঅর্থায়ন মঞ্জুর করে। দেশব্যাপী মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাসহ সম্ভাবনাময় এসএমই ক্লাস্টার, সাব-সেক্টর, অঞ্চল ও গ্রুপের উদ্যোক্তাগণ এ স্কীমেরআওতায় ঋণ সুবিধা পাবেন। অর্থায়নে নারী-উদ্যোক্তাদের অগ্রাধিকার প্রদান করা হবে।

## এসএমই উদ্যোক্তাদের ই-কমার্স প্রশিক্ষণ



ই-কমার্স বিষয়ক প্রশিক্ষণে উদ্যোক্তাগণ

এসএমই ফাউন্ডেশন ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উদ্যোক্তাদের অনলাইন ব্যবসা/ই-কমার্সে সক্ষমতা অর্জনে কয়েকবছর যাবত কাজ করছে। যার ধারাবাহিকতায় ফাউন্ডেশন ঢাকাসহ বিভাগীয় পর্যায়ে এসএমই উদ্যোক্তাদের জন্য ই-কমার্স/ই-মার্কেটিং/ সোশ্যাল কমার্স সর্ম্পকিত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করছে। জানুয়ারি-মার্চ ২০১৯ ফাউন্ডেশন ই-কমার্স বিষয়ক ১১টি প্রশিক্ষণ কার্যক্রম ঢাকা, ময়মনসিংহ ও রাজশাহী জেলাসমুহে আয়োজন করেছে। এতে ২০৫জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে। প্রশিক্ষণে অংশগ্রহণের পর উদ্যোক্তারা সহজেই এবং দ্রুততার সাথে এসএমই পণ্যের প্রচার ও প্রসার করতে পারছে।

## আইসিটি দক্ষতা বৃদ্ধি বিষয়ক কর্মশালা



বিভিন্ন চেম্বার, অ্যাসোসিয়েশনের কর্মকর্তাদের জন্য আইসিটি দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণ

এসএমই খাতের সার্বিক উন্নয়নে সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশন, ট্রেডবডি ও চেম্বারের সক্ষমতা বৃদ্ধি অন্যতম পূর্বশর্ত হিসেবে বিবেচিত। এসএমই ফাউন্ডেশন ১৪-১৬ জানুয়ারি ২০১৯ সেবা প্রদানকারী স্টেকহোল্ডার হিসেবে সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশন, ট্রেডবডি ও চেম্বারের ব্যবস্থাপক ও কর্মকর্তাদের আইসিটি বিষয়ক দক্ষতা উন্নয়ন কর্মশালা আয়োজন করে। কর্মশালায় বাংলাক্রাফট, বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি, বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব), বাংলাদেশ ফার্নিসার্স এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন, বাংলাদেশ এগ্রো-প্রোসেসরস অ্যাসোসিয়েশনের কর্মকর্তাগণ অংশগ্রহণ করে।

# জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কার ২০১৯

বাংলাদেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে দেশের এসএমই উদ্যোক্তাদের অবদান ও অংশগ্রহণকে স্বীকৃতির জন্য এসএমই ফাউন্ডেশন পুরুষ ও নারী ক্যাটাগরিতে 'জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কার ২০১৯' প্রদানের উদ্যোগ গ্রহণ করে। জুরি বোর্ড চূড়ান্তভাবে ৬ জন উদ্যোক্তাকে বিজয়ী নির্বাচন করে।



জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কার ২০১৯-এ আমন্ত্রিত অতিথিবৃন্দের সাথে পুরস্কারপ্রাপ্ত উদ্যোক্তাগণ

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | বর্ষসেরা মাইক্রো উদ্যোক্তা (নারী) | তাহারিমা বেগম<br>নুর নকশী মহিলা জাগরণ | ৬১ ইসলামপুর, চাঁপাইনবাবগঞ্জ সদর<br>চাঁপাইনবাবগঞ্জ | নকশিকাঁথা, নকশি বেডশিট, কুশন<br>শাড়ি, ওড়না |
| ২. | বর্ষসেরা মাইক্রো উদ্যোক্তা (পুরুষ) | মোঃ ওলি উল্লাহ<br>জনতা ইঞ্জিনিয়ারিং | সরোজগঞ্জ বাজার, চুয়াডাঙ্গা, শাহপুর<br>সরোজগঞ্জ, চুয়াডাঙ্গা | বীজ বপন যন্ত্র, রাইস, ট্রান্সপান্টার<br>পাওয়ার টিলার চালিত রিপার |
| ৩. | বর্ষসেরা ক্ষুদ্র উদ্যোক্তা (নারী) | সুমনা সুলতানা সাথী<br>এস আর হ্যান্ডিক্রাফটস | গ্রাম: পাটুলীপাড়া, পোস্ট+থানা: ভাঙ্গুড়া<br>জেলা: পাবনা | হাতের কাজের তৈরি জামা, শাড়ি, সালোয়ার<br>কামিজ, বেবিসেট ও হাউজহোল্ড পণ্য |
| ৪. | বর্ষসেরা ক্ষুদ্র উদ্যোক্তা (পুরুষ) | মহিউদ্দিন<br>মহিউদ্দিন ইঞ্জিনিয়ার্স অ্যান্ড ট্রেডার্স | ২৪ মধ্যেরচর শাক্তা কেরানীগঞ্জ<br>ঢাকা-১৩১২ | এইচ ব্যাক ও রেফ্রিজারেশন যন্ত্রপাতি |
| ৫. | বর্ষসেরা মাঝারি উদ্যোক্তা (নারী) | নাজমা খাতুন<br>কুসুম কলি সু ফ্যাক্টরি | ২৯০, লতিফপুর, কাশিমপুর<br>গাজীপুর | জুতা, স্যান্ডেল |
| ৬. | বিশেষ ক্যাটাগরি<br>(তৃতীয় লিঙ্গের উদ্যোক্তা) | আরিফা ইয়াসমিন ময়ুরী<br>সিড়ি হস্তশিল্প | মুকুন্দবাড়ী, জামালপুর | হাতের কাজের তৈরি জামা, সালোয়ার কামিজ<br>বেবি সেট, কুশনকভার, হাতপাখা |

## 'বাংলাদেশের এসএমই উদ্যোক্তাদের ই-কমার্সের সুবিধা' সেমিনার


সেমিনারে বক্তব্য রাখছেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলক

ই-কমার্সের মাধ্যমে দেশের ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উদ্যোক্তাগণ পণ্য বাজারজাতকরণ, পণ্যের প্রচার ও প্রসার এবং বিশ্বব্যাপী ব্যবসার প্রসার সহজীকরণ ও সার্বিকভাবে ব্যবসার উন্নয়ন সম্পর্কে সচেতনতা বৃদ্ধিতে সেমিনার 'জাতীয় এসএমই পণ্য মেলা২০১৯'-এর অংশ হিসেবে ১৭ মার্চ ২০১৯ মিডিয়া বাজার হল, ঢাকাস্থ বঙ্গবন্ধু আর্ন্তজাতিক কনভেনশন সেন্টারে আয়োজন করা হয়। দেশের মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্পের সংশ্লিষ্ট ২০০জন উদ্যোক্তা ও অন্যান্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত সেমিনারের কর্মপরিধি ছিলো এসএমই উদ্যোক্তাগণের জন্য ই-কমার্সের সুযোগ, সম্ভাবনা ও দিক-নির্দেশনামূলক আলোচনা। ফাউন্ডেশনের মহাব্যবস্থাপক মোঃ সিরাজুল হায়দার, এনডিসি-এর স্বাগত বক্তব্যের মাধ্যমে অনুষ্ঠানের মূল পর্ব শুরু হয়। সেমিনারে প্রধান অতিথি ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জুনাইদ আহ্‌মেদ পলক এবং সভাপতিত্ব করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ সফিকুল ইসলাম। সেমিনারে প্রবন্ধ উপস্থাপনা করেন বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস)-এর সভাপতি সৈয়দ আলমাস কবীর।

## 'Intellectual Property Rights for Growth of SMEs' সেমিনার



জাতীয় এসএমই পণ্য মেলায় মেধাস্বত্ব সংরক্ষণ বিষয়ক সেমিনারে উপস্থিত অতিথিবৃন্দ

এসএমই উদ্যোক্তাদের মেধাস্বত্ব অধিকার বিষয়ে সচেতন করার জন্য ২১ মার্চ ২০১৯ সকাল ১০:৩০টায় ঢাকার বঙ্গবন্ধু আন্তর্জাতিক কনভেনশন সেন্টারের মিডিয়া বাজার হলে 'Intellectual Property Rights for Growth of SMEs' সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি ছিলেন শিল্প মন্ত্রণালয়ের সচিব মোঃ আবদুল হালিম। বিশেষ অতিথি ছিলেন নূরুল গণী শোভন, সভাপতি, জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি বাংলাদেশ (নাসিব) এবং ড. সৈয়দ মোঃ ইহসানুল করিম, পরিচালক, বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)। সেমিনারে সভাপতিত্ব করেন এসএমই ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক মোঃ সফিকুল ইসলাম। সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করেন পেটেন্ট ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর-এর এক্সমিনার মোঃ বেলাল হোসেন। প্যানেল আলোচক হিসেবে পেটেন্ট ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর-এর অবসরপ্রাপ্ত সহকারী রেজিস্ট্রার এস এম এনামুল হক এবং হিফস্ অ্যাগ্রো ফুড ইন্ডাস্ট্রিজ এর ম্যানেজিং পার্টনার সৈয়দ মোহাম্মদ শোয়েব হাসান উপস্থিত ছিলেন। সেমিনারে উন্মুক্ত আলোচনায় পেটেন্ট ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরের ডেপুটি রেজিস্ট্রার মহিউদ্দিন আল ফারুক মডারেটর হিসেবে উপস্থিত ছিলেন।


সম্পাদনা পরিষদ: এস এম শাহীন আনোয়ার, উপব্যবস্থাপনা পরিচালক; মোঃ নাজিম হাসান সাত্তার, মহাব্যবস্থাপক; ফারজানা খান, মহাব্যবস্থাপক; মোঃ মাসুম বিল্লাহ, ব্যবস্থাপক, এসএমই ফাউন্ডেশন, রয়েল টাওয়ার, ৪ পান্থপথ, ঢাকা-১২১৫।
ফোন: (+৮৮০২) ৮১৪২৯৮৩, ০৯৬৬৯৩০০০০১-৪, ফ্যাক্স: ৮১৪৩০৪৪, ই-মেইল: info@smef.org.bd ওয়েব সাইট: www.smef.org.bd